২৯/১২/৮৭

ইত্তেফাক



# বৃহত্তর আন্দোলনের আশ্বাসের প্রেক্ষিতে প্রাথমিক শিক্ষকদের অনশন ভঙ্গ

( ইত্তেফাক রিপোর্ট )

কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে প্রাথমিক শিক্ষকদের অনশন ধর্মঘটের প্রায় ১ শত ঘণ্টা অতিবাহিত হওয়ার পর গতকাল (সোমবার) সন্ধ্যা সাড়ে ৭ টায় বিরোধী রাজনৈতিক দলের নেতৃবৃন্দের 'শিক্ষক-জনতার বৃহত্তর আন্দোলনে অংশগ্রহণের' আশ্বাসের প্রেক্ষিতে শিক্ষকরা অনশন ধর্মঘট প্রত্যাহার করেন। রাজনৈতিক নেতৃবৃন্দের উপস্থিতিতে সমিতির সহ-সভাপতি জনাব শামসুর রহমান প্রথমে ভারপ্রাপ্ত সভাপতি জনাব আলতাফ হোসনকে কমলার রসদ্বারা অনশন ভঙ্গ করান।

পরবর্তী কর্মসূচী হিসাবে আগামীকাল ( বুধবার ) বিকাল ৩টায় বায়তুল মোকাররম প্রাঙ্গণে সমিতির উদ্যোগে এবং বেশ কয়েকটি বিরোধী রাজনৈতিক দলের যৌথ

(৮ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)



গতকাল ( সোমবার ) শহীদ মিনার পাদদেশে অনশনরত প্রাথমিক শিক্ষকদের অনশন ভঙ্গ করান বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ —ইত্তেফাক

## শিক্ষকদের অনশন ভঙ্গ

( ১ম পৃঃ পর )

সমর্থনে এক প্রতিবাদ জনসভা অনুষ্ঠানের কর্মসূচী লওয়া হইয়াছে। দাবী-দাওয়া মানা না হইলে আগামী ১৫ই জানুয়ারী দেশব্যাপী বিক্ষোভ দিবস পালন করা হইবে। অনশনস্থলে গতকালের শিক্ষক জনসভায় বিভিন্ন বিরোধী রাজনৈতিক দলের নেতৃবৃন্দ পৃথক পৃথক ভাষণে প্রাথমিক শিক্ষকদের ন্যায়সঙ্গত ৩ দফা দাবী না মানিয়া লওয়া এবং অনশন ধর্মঘটী শিক্ষকদের প্রতি অবজ্ঞা প্রদর্শনের অভিযোগে সরকারের ভূমিকার তীব্র সমালোচনা ও নিন্দা করেন।

বেশীর ভাগ নেতা বলেন, শিক্ষকদের অনশন ধর্মঘট ভাঙ্গা-না-ভাঙ্গা তাঁহাদের ইচ্ছার উপর ছাড়িয়া দেওয়া উচিত। তবে তাঁহাদের বৃহত্তর আন্দোলনে অংশগ্রহণের লক্ষ্যে আপাততঃ এই অনশন কর্মসূচী প্রত্যাহার করিয়া নূতন কর্মসূচী গ্রহণই শ্রেয়। সকল নেতাই আশ্বাস দেন যে, প্রাথমিক শিক্ষকদের তথা সকল শ্রেণীর মানুষের দাবী-দাওয়ার ব্যাপারে একটি ব্যাপক গণ-আন্দোলনে অংশগ্রহণের জন্য ঐক্যবদ্ধ হওয়ার ব্যাপারে আগ্রহী।

সমিতির সহসভাপতি জনাব শামসুর রহমানের সভাপতিত্বে বক্তৃতা করেন আওয়ামী লীগ (হা) সাধারণ সম্পাদক জনাব আবদুর রাজ্জাক, ইউপিপি চেয়ারম্যান কাজী জাফর আহমদ, ডেমোক্রেটিক লীগের সিনিয়র সহ-সভাপতি জনাব অলি আহাদ, জাসদ-এর সহ-সভাপতি মীর্জা সুলতান রাজা, আওয়ামী লীগ (মিজান) সাধারণ সম্পাদক জনাব নূরে আলম সিদ্দিকী, বাসদ-এর জনাব আবদুল্লাহ সরকার, গণতান্ত্রিক পার্টির চেয়ারম্যান জনাব নূরুল হুদা মীর্জা, সিপিবি-এর জনাব নূরুল ইসলাম, ন্যাপ ( হারুন-পঙ্কজ )-এর মিঃ পঙ্কজ ভট্টাচার্য, ওয়ার্কার্স পার্টির জনাব নজরুল ইসলাম, জনমুক্তি পার্টির জনাব মাহফুজ ভুঁইয়া, মজদুর পার্টির জনাব শফিকুর রহমান মজুমদার, জাগপার জনাব শফিউল আলম প্রধান প্রমুখ।

শিক্ষকদের অবিরাম ধর্মঘট ৩০শে ডিসেম্বর পর্যন্ত চলার পর ৩১শে ডিসেম্বর প্রাথমিক বিদ্যালয়ে তাঁহারা কাজে যোগ দিবেন। ৩০শে ডিসেম্বর দেশব্যাপী প্রাথমিক শিক্ষকদের সমর্থনে ছাত্র ধর্মঘট আহ্বান করা হইয়াছে

আজ (মঙ্গলবার) সন্ধ্যা ৬টায় অধ্যাপক আবুল কালাম আযাদের নিলক্ষেত-এর শিক্ষক কোয়ার্টার-এর বাসায় সমিতির দাবী সমর্থনকারী রাজনৈতিক দলের নেতৃবৃন্দের এক যৌথসভা অনুষ্ঠিত হইবে। গতকাল রাত্রি সোয়া১১টায় সমাপ্ত অধ্যাপক আযাদের বাসায় 'ডাকসু' ও অন্য ১২টি ছাত্র সংগঠনের নেতাদের এক সভায় প্রাথমিক শিক্ষকদের দাবীর সমর্থনে আগামীকাল (বুধবার) দেশব্যাপী ছাত্রধর্মঘটের কর্মসূচী চূড়ান্তভাবে অনুমোদন করা হইয়াছে।